



**DEPARTMENT OF HISTORY
RAMSADAY COLLEGE
SEMESTER-4TH
CC-8
TOPIC : MERCANTILISM
BY - SANKARDEV MAIT**

মার্কেণ্টাইলিজম



Seaport at sunrise, a French seaport painted by Claude Lorrain in 1639, at the height of mercantilism

Source: wikipedia.org

ষোড়শ শতক থেকে অষ্টাদশ শতক পর্যন্ত ইউরোপে যে অর্থনৈতিক মতবাদ অত্যন্ত জনপ্রিয় হয়ে উঠেছিল সেটি হল - মার্কেন্টাইলিজম বা সংরক্ষণবাদী অর্থনীতি।

মার্কেন্টাইলিজম শব্দটি ল্যাটিন শব্দ মার্কেইনস কথাটি থেকে এসেছে যার অর্থ হল ক্রেতা। মার্কেন্টাইলিজম বা সংরক্ষণবাদী অর্থনীতির মূল কথা হল অবাধ বানিজ্যের বিরোধীতা এবং শিল্প-বানিজ্যের ওপর কঠোর রাষ্ট্রীয় নিয়ন্ত্রন আরোপ করা। এর মাধ্যমে রাষ্ট্রের পুরানো সঞ্চয়নশীল অর্থনীতি প্রশয় পায়। তাছাড়া কর ও শুল্ক সংক্রামত আইন, বানিজ্যিক প্রতিদ্বন্দ্বিতা এবং এর সূত্র ধরে শক্তিশালী দেশগুলির মধ্যে যুদ্ধ অনিবার্য হয়ে ওঠে। এই অর্থনীতিকে এককথায় রাজতান্ত্রিক অর্থনীতি বলা যায়। ইংল্যান্ড, স্পেন, পর্তুগাল, ফ্রান্স প্রভৃতি দেশ এই নীতি গ্রহন করে।

মার্কেন্টাইলিজম-এর ধারণা ইউরোপে জনপ্রিয় করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল ইটালিয়ান অর্থনীতিবিদ অ্যান্টিও সেরা (*A Short Treatise on the Wealth and Poverty of Nations*, 1613), ইংরেজ বনিক টমাস মুন (*Treasure by Foreign Trade*, 1664), জেমস্ স্টুয়ার্ট (*Principles of Political Economy*, 1767), ফরাসী অর্থ মন্ত্রী কোলবার্ট প্রমুখ।

আধুনিক পুঁজিবাদের জনক প্রখ্যাত ব্রিটিশ অর্থনীতিবিদ অ্যাডাম স্মিথ তাঁর বিখ্যাত গ্রন্থে (*Wealth of Nations*, 1776) মার্কেন্টাইলিজম শব্দটি ব্যবহার করেন।

মার্কেন্টাইলবাদের বৈশিষ্ট্য :

১. মার্কেন্টাইল মতবাদের মূল লক্ষ্য ছিল অপরের সম্পদ শোষণ করে নিজের আর্থিক সমৃদ্ধি।
২. স্বদেশী শিল্প-বানিজ্যের উপর কঠোর নিয়ন্ত্রন আরোপ।
৩. সোনা ও মূল্যবান ধাতুর রপ্তানি নিষিদ্ধ ঘোষিত হয়।
৪. আমদানির থেকে রপ্তানি বৃদ্ধি।
৫. কাঁচামাল ও পণ্য রপ্তানির জন্য নতুন অঞ্চল ও বাজার সন্ধান, যার অনিবার্য পরিনতি উপনিবেশ স্থাপন।
৬. বানিজ্যের ক্ষেত্রে বিদেশী জাহাজ গুলিতে পণ্য পরিবহন নিষিদ্ধ করা হয়।
৭. রপ্তানি বানিজ্যের ক্ষেত্রে সরকারের সহায়ক বনিক সংঘ বা কম্পানিগুলিকে ভর্তুকি দেওয়া হয়।
৮. শ্রমিকদের বেতন সীমিত বা নিয়ন্ত্রিত করা হয়।
৯. উপনিবেশগুলির অন্যদেশের সাথে বানিজ্য নিষিদ্ধ করা হয়।
১০. এই অর্থনীতির ফলে সাধারণ মানুষ নয় উপকৃত হয়ে ছিল শুধুমাত্র স্বৈরাচারী রাজতন্ত্র ও তার সমর্থক বানিক কুল।

তথ্য সহায়তা

আশুতোষ বালা, *ইউরোপের বিবর্তনের রূপরেখা*, ব্যানার্জী পাবলিশার্স,
কলকাতা, ২০১৭, পৃঃ ৫৩৭-৫৪০।

wikipedia.org